# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৫৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪. মসজিদে বাতি জ্বালানো

باب فِي السُّرُجِ فِي الْمَسَاجِدِ

আরবী

حَدَّثَنَا النُّفَيْلِيُّ، حَدَّثَنَا مِسْكِينٌ، عَنْ سَعِيدِ بْنِ عَبْدِ الْعَزِيزِ، عَنْ زِيَادِ بْنِ أَبِي سَوْدَةَ، عَنْ مَيْمُونَةَ، مَوْلاَةِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهَا قَالَتْ يَا رَسُولَ اللهِ أَفْتِنَا فِي بَيْتِ الْمَقْدِسِ فَقَالَ " ائْتُوهُ فَصَلُّوا فِيهِ". ـ وَكَانَتِ الْبِلاَدُ إِذْ ذَاكَ حَرْبًا ـ فَإِنْ لَمْ تَأْتُوهُ وَتُصَلُّوا فِيهِ فَابْعَثُوا بِزَيْتٍ يُسْرَجُ فِي قَنَادِيلِهِ" .

ـ ضعيف

বাংলা

৪৫৭। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মুক্ত দাসী মায়মূনাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, হে আল্লাহর রসূল! বায়তুল মাক্বদিস (মাসজিদুল আক্বসা) সম্পর্কে আমাদের জন্য আপনার অভিমত কি? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা সেখানে গিয়ে সালাত আদায় করতে পার। ঐ সময় শহরটি শত্রুদের দখলে ছিল। (সেজন্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন) তোমরা সেখানে গিয়ে সালাত আদায় করতে না পারলে সেখানে বাতি জ্বালানোর জন্য তেল পাঠিয়ে দিও।[1]

দুর্বল।

## English

Narrated Maymunah ibn Sa'd:

I said: Messenger of Allah, tell us the legal injunction about (visiting) Bayt al-Muqaddas (the dome of the Rock at Jerusalem). The Messenger of Allah (ﷺ) said: go and pray there. All the cities at that time were effected by war. If

you cannot visit it and pray there, then send some oil to be used in the lamps.

## ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত ক্বায়িম, অনুঃ বায়তুল মুকাদ্দাস মসজিদে সালাত আদায় সম্পর্কে, হাঃ ১৪০৭), যিয়াদ ইবনু আবূ সাওদাহ সূত্র তার ভাই 'উসমান ইবনু আবূ সমাদাহ থেকে মায়মুনাহ সূত্রে। যাওয়ায়িদ গ্রন্থে রয়েছে, 'আবূ দাউদ এর অংশ বিশেষ বর্ণনা করেছেন- ইবনু মাজাহর সনদ সহীহ, রিজাল নির্ভরযোগ্য এবং আবূ দাউদের সনদের চেয়ে বিশুদ্ধ।' এবং আহমাদ (৬/৪৬৩) যিয়াদ সূত্রে তার ভাই থেকে। এটি দুর্বল।

-

হাদীস থেকে শিক্ষাঃ

১। বায়তুল মাক্বদিস একটি ফাযীলাতপূর্ণ মাসজিদ।

২। সালাত আদায়ের উদ্দেশ্যে ভ্রমণ করা জায়িয।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ মাইমূনাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57775

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন